

তারিখ: ২৩ জানুয়ারি, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

গতকাল ২৩-০১-২০২৫ তারিখ জনাব অতনু বড়ুয়া, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'কাচ্চি ডাইন, ষ্টীল মিল, পতেঙা, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালেঃ-

১. রেস্টুরেন্টের রান্নাঘরটি অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় ব্যবহার করতে দেখা যায়।
২. রান্নাঘরের ফ্রিজে কোন প্রকার লেবেল সংযোজন না করে খাসির মাংস, মুরগির মাংস এবং জালি কাবাব এর কিমা মজুদ করতে দেখা যায়।
৩. ফ্রিজে অনেকদিনের ময়লা জমাট বেধে রক্তের স্তূপ পরিলক্ষিত হয়।
৪. রিগার্ড কেওড়া জল (অননুমোদিত ক্যামিকেল) ব্যবহার করে রান্না করতে দেখা যায়।
৫. এছাড়াও খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, রেস্তোরাঁ নিবন্ধন সনদ, পানি পরীক্ষার সনদ এবং পেস্ট কন্ট্রোলার কোন প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ১,০০,০০০/- অর্থদন্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মুহাম্মদ মুনতাসির মাহমুদ, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম মেট্রোপলিটন; জনাব মো: ইয়াসিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক; বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাপোর্ট স্টাফ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



২৩.০১.২০২৫

বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।